দৈনিক ইনকিলাব

তারিখ ……
পৃষ্ঠা (৩) কলাম ……

### হট্টগোল ও বাক-বিতণ্ডা

# ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভায় ৫টি দাবী গৃহীত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** গতকাল (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভায় শিক্ষকদের মধ্যে তুমুল হট্টগোলের মধ্যে পাঁচটি দাবী গৃহীত হয়। সভায় বাংলা বিভাগের প্রফেসর হুমায়ুন আজাদের বক্তব্য নিয়ে তীব্র বাক-বিতণ্ডার সৃষ্টি হয়। শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি প্রফেসর আবুল খায়েরের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গৃহীত পাঁচ দফা দাবী হচ্ছে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়া, ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি, ক্যাম্পাস থেকে বিডিআর-পুলিশ প্রত্যাহার, গ্রেফতারকৃত ছাত্রীদের মুক্তি এবং মামলা প্রত্যাহার। সভায় বিএনপি-জামায়াত সমর্থিত সাদা দল শামসুন্নাহার হলের বিদায়ী প্রভোস্ট সুলতানা শফির বিরুদ্ধে এবং আওয়ামী লীগ সমর্থিত নীল দল শিক্ষকদের ওপর পুলিশী হামলায় স্বরাষ্ট্রমন্ত্রীর বিরুদ্ধে নিন্দা প্রস্তাব আনে।

সভায় এক পর্যায়ে প্রফেসর হুমায়ুন আজাদ বলেন, বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য আমি ৩টি প্রস্তাব দিতে চাই। প্রথমত ছাত্র-ছাত্রীদের ৫টার পর মেলামেশার সুযোগ দিতে হবে। পূর্বে ছাত্র-ছাত্রীরা বিকেলে পড়াশুনা নিয়ে আলোচনা করতে পারত। অথচ সম্প্রতি পুলিশ তাদেরকে হয়রানি করছে, তা বন্ধ করতে হবে। দ্বিতীয়ত টিএসসি বিকেল ৫টার পরেও খোলা রাখতে হবে যার ফলে ছাত্র-ছাত্রীরা শিক্ষা-সংস্কৃতির চর্চার সুযোগ পায়। তৃতীয়ত বিশ্ববিদ্যালয়ের গাছ কেটে ফার্সী ভবন নির্মাণ বন্ধ করতে হবে। হুমায়ুন আজাদ তার বক্তব্যের শেষ দিকে বলেন, বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা যেভাবে প্রশাসনিক ক্ষমতার দিকে ঝুঁকছেন তাতে সেদিন বেশী দূরে নেই যেদিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ রমনা থানার ওসি হতে চাইবেন। হুমায়ুন আজাদের এ বক্তব্যে উপস্থিত শিক্ষকদের অনেকেই তাৎক্ষণিক প্রতিবাদ করেন।